

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৭জি/৭১৮(ক-৩)/০৪(অংশ-২)/৭০৩৭/১৩

তারিখ : ৭/০১/২০২০ খ্রি.

বিষয় : কেন এম.পি.ও থেকে নাম কর্তন করা হবে না এ বিষয়ে ব্যাখ্যা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার পল্লবী উপজেলাধীন পল্লবী ডিগ্রি কলেজের জনাব পারভীন আক্তার এর দায়েরকৃত ৪৮৯৬/২০১০ এর রায়ের বিষয়ে মাউশির আইন শাখা মতামত প্রদান করেন।

**আইন শাখার মতামত :** ঢাকার পল্লবী ডিগ্রি কলেজের প্রভাষক(অর্থনীতি) জনাব পারভীন আক্তার এমপিওভুক্ত হওয়ার বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৪৮৯৬/২০১০ দায়ের করেন। উক্ত রিট মামলায় শুনানী শেষে বিগত ১০/০১/২০১৭ তারিখে রায় প্রদান করেন। রায়ে ৭ নং বিবাদী অর্থাৎ জনাব মো: তৌফিকুর রহমান এর নাম এমপিও তালিকা থেকে বাতিল/কর্তন করার জন্য এবং পিটিশনার(পারভীন আক্তার) কে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ দেয়া হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের ১০/০১/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে জনাব মো: তৌফিকুর রহমান মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১১৭/২০১৮ দায়ের করেন। উক্ত আপিল মামলা বিগত ১৫/০৪/২০১৯ তারিখে খারিজ হয়। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে জনাব মো: তৌফিকুর রহমান এর এমপিও তালিকা থেকে বাদ দিতে হবে এবং জনাব পারভীন আক্তার(প্রভাষক, অর্থনীতি) কে এমপিওভুক্ত করতে হবে। এক্ষেত্রে জনাব পারভীন আক্তার এর আবেদনটি কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র অধিদপ্তরে আসেনি। তবে জনাব মো: তৌফিকুর রহমান এর নাম যথাযথভাবে কারণ দর্শিয়ে কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, আপনার নাম কেন এম.পি.ও থেকে কর্তন করা হবে না এ বিষয়ে আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব মো: তৌফিকুর রহমান  
প্রভাষক(অর্থনীতি)  
পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা।

১৫/০১/২০২০  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক(কলেজ-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা।
- (২) অধ্যক্ষ, পল্লবী ডিগ্রি কলেজ, পল্লবী, ঢাকা।
- (৩) সংরক্ষণ নথি।